শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 CERTIFIED

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
GAZIPUR PALLI BIDYUT SAMITY-1.

সদর দপ্তর
চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮
ফ্যাক্স: ০২-৯২৬৪৩৪৪
E-Mail:gazipbs@yahoo.com
Web: pbs1.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০২.০০৮.২৩. ৪৫৫৫ তারিখঃ- ০৩ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ / ১৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে। আবেদনকারীর যোগ্যতা সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) **পদের সংখ্যা ৪৯ টি**	বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার মোতাবেক সংশ্লিষ্ট পবিসের শেষ বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী মূলবেতন ও অন্যান্য ভাতাদি প্রযোজ্য হইবে।	**০১। বয়সসীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর **(১২/০৩/২০২৩** খ্রিঃ তারিখে)। **সর্বোচ্চ ০৯ বছরের চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত** (যা আগে আসে) চাকুরী করতে পারবেন। **০২। অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রাথীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬(ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। **০৩। অন্যান্য যোগ্যতাঃ** (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে। (ঘ)নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন সাপেক্ষে প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। বার্ষিক কর্মমূল্যায়ন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯(নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

শর্তাবলীঃ

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট **(pbs1.gazipur.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) **A4** সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১২/০৩/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বা অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মসম্পাদনের অভিজ্ঞতা সংক্রান্ত সকল পবিসের প্রত্যয়নপত্র (০৩, ০৬ ও ০৯ বছর) আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৩। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

- (ক) আবেদন পত্রের নির্ধারিত স্থানে ছবি (০৩ কপি) সংযোজন করতে হবে;
- (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
- (গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি;
- (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেট অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- (চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/এইচ-আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

অঃপৃঃদ্রঃ

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকুলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

(গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঘ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সর্ম্পকীয় কেউ অথবা তাঁদের স্বামী/ স্ত্রীগণের রক্ত সর্ম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অসম্পূর্ন চুক্তি সম্পাদনকারী/অপসারিত/বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২.১১.২০১৮ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক চাকুরীকাল **(On job Service Length)** বিবেচনা করতঃ জেষ্ঠতা নির্ধারণপূর্বক নিয়োগ/প্যানেল প্রস্তুত করা হবে।

(ঝ) গাজীপুর পবিস-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ী ঠিকানায় বসবাসরত কোন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার উক্ত পদের জন্য আবেদন করার প্রয়োজন নাই।

(ঞ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগনের চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে, যা কখনই কোনক্রমেই/কোন কারনেই নিয়মিত করা হবে না।

(ট) চুক্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীনভাবে থাকতে বা নিয়োজিত হতে পারবেন না।

(ঠ) নিয়োগের ক্ষেত্রে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।

(ড) বর্ণিত শর্তাবলী ছাড়া নিয়োগ সংক্রান্ত/অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঢ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

16/02/2023

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার......................পবিস-১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৭। ডিজিএম, (সদর-কারিগরী/বোর্ডবাজার/ছায়াবিথী/কালীগঞ্জ/কোনাবাড়ী/ পূবাইল/কাশিমপুর জোনাল অফিস), গাজীপুর পবিস-১।
০৮। এজিএম (প্রশাসন/ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/সদস্য-সেবা/আইটি), গাজীপুর পবিস-১।
০৯। এজিএম (আইটি), গাজীপুর পবিস-১। (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। নোটিশ বোর্ড, সদর দপ্তর, গাজীপুর পবিস-১।
১১। অফিস/মাস্টার কপি।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার